আজকের কাগজ

তারিখ 27 JAN 1996
পৃষ্ঠা 2 কলাম 6

## ২৭-৩০ জানুয়ারি দেশব্যাপী হোমিও কলেজ ধর্মঘট

হোমিও বোর্ডের দুর্নীতিবাজ চেয়ারম্যান ও পরীক্ষা নিয়ন্ত্রকের অপসারণ, বিতর্কিত হোমিও বোর্ড বাতিল ও স্বাস্থ্য মন্ত্রণালয়ের সৎ ও যোগ্য কর্মকর্তাকে প্রশাসক করে নিরপেক্ষ হোমিও বোর্ড গঠনের দাবিতে হোমিও মেডিক্যাল ছাত্রঐক্য পরিষদের পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী আজ ২৭ জানুয়ারি থেকে ৩০ জানুয়ারি পর্যন্ত দেশব্যাপী হোমিও কলেজ ছাত্র ধর্মঘট।

পরিষদের কেন্দ্রীয় সভাপতি মোঃ ওবায়দুল হক খান গতকাল বঙ্গবন্ধু এভিনিউ দলীয় কার্যালয়ে এক কর্মি সমাবেশে প্রধান অতিথির ভাষণে ছাত্র ধর্মঘট যথাযথভাবে সফল করার জন্যে সারাদেশের হোমিও কলেজ ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকাদের প্রতি আহবান জানান। খবর বিজ্ঞপ্তি'র।